

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-৪ শাখা
www.mopa.gov.bd

নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৬.২৩-২৫২


তারিখ: ২৪ বৈশাখ ১৪৩২
০৭ মে ২০২৫

প্রজ্ঞাপন

Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule I of the Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশের ৩৭ নম্বর ক্রমিকের অনুবলে সরকার আসন্ন পবিত্র ঈদ-উল-আজহা উপলক্ষে ১১ ও ১২ জুন ২০২৫ তারিখ যথাক্রমে বুধবার ও বৃহস্পতিবার নির্বাহী আদেশে সরকারি ছুটি এবং দাপ্তরিক কাজের স্বার্থে ১৭ মে ২০২৫ তারিখ শনিবার ও ২৪ মে ২০২৫ তারিখ শনিবার সাপ্তাহিক ছুটির দিনে অফিস খোলা রাখার ঘোষণা করিল। ছুটিকালীন সময়ে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত এবং বেসরকারি অফিস বন্ধ থাকিবে এবং উল্লিখিত সাপ্তাহিক ছুটির দুই দিন (১৭ মে ২০২৫ ও ২৪ মে ২০২৫ তারিখ) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত এবং বেসরকারি অফিস খোলা থাকিবে।

- ২। (ক) জরুরি পরিষেবা যেমন- বিদ্যুৎ, পানি, গ্যাস ও অন্যান্য জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের কার্যক্রম, পরিচ্ছন্নতা কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট, ডাক সেবা এবং এ সংশ্লিষ্ট সেবা কাজে নিয়োজিত যানবাহন ও কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।
 - (খ) হাসপাতাল ও জরুরি সেবা এবং এ সেবার সাথে সংশ্লিষ্ট কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।
 - (গ) চিকিৎসা সেবায় নিয়োজিত চিকিৎসক ও কর্মীগণ এবং ওষুধসহ চিকিৎসা সরঞ্জামাদি বহনকারী যানবাহন ও কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।
 - (ঘ) জরুরি কাজের সাথে সম্পৃক্ত অফিসসমূহ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।
- ৩। ব্যাংকিং কার্যক্রম চালু রাখার বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবে।
 - ৪। আদালতের কার্যক্রমের বিষয়ে মহামান্য সুপ্রিম কোর্ট প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

 ০৭.০৬.২০২৫

মোঃ কামরুজ্জামান

উপসচিব

ফোনঃ ০২-৯৫১৪৪৯২


ইমেইল-reg4@mopa.gov.bd

নং- ৪০.০০.০০০০.০১১.৯৯.০০৮.২০-২১৯

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩২
১৪ মে ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. চেয়ারম্যান, শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা
২. মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, শ্রম ভবন, বিজয়নগর, ঢাকা
৩. মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম ভবন, বিজয়নগর, ঢাকা
৪. চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা
৫. মহাপরিচালক, কেন্দ্রীয় তহবিল/বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
৬. কর্মকর্তা (সকল), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
৭. কর্মচারী (সকল), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
৮. সচিবের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৯. সিস্টেম এনালিস্ট, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১০. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
১১. যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
১২. অফিস কপি

 ২৪/০৬/২০২৫
(মোহাম্মদ মাসুম)

সিনিয়র সহকারী সচিব (প্রঃ)